গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিকল্পনা-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.৫০৫.২০২০-৫৬

তারিখ: ১১ মাঘ ১৪২৭
২৫ জানুয়ারি ২০২১

**বিষয়: এলজিইডি কর্তৃক প্রস্তাবিত "হাওর এলাকায় উড়াল সড়ক ও ভৌত অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্প অনুমোদনের প্রক্রিয়াকরণে সেতু বিভাগের Allocation of Business অনুযায়ী কার্যক্রম সম্পাদনের ওপর মতামত প্রদান।**

সূত্র: ১) কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের স্মরক নং-২০.০০.০০০০.৩৪৬.১৪.০০১.২০-৬৭; তারিখ: ০২/১২/২০২০।
২) এলজিইডি'র স্মারক নং-২০.০২.০০০০.৭২৬.৯৯.০০৯.২০১৯.৪৭৬৩; তারিখ: ২৯/১২/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এলজিইডি কর্তৃক প্রস্তাবিত "হাওর এলাকায় উড়াল সড়ক ও ভৌত অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্পটি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। প্রকল্পটি অনুমোদনের প্রক্রিয়াকরণের প্রাক্কালে সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়ের সেতু বিভাগ হতে পরিকল্পনা কমিশন-কে জানানো হয় যে, Allocation of Business এবং বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ আইন ২০১৬ এর ধারা ৯ অনুযায়ী ১৫০০ মিটার ও তদুর্ধ্ব দৈর্ঘ্যের সেতু, ফ্লাইওভার, এলিভেটেড এক্সপ্রেসওয়ে, কজওয়ে, রিংরোড নির্মাণের জন্য জরিপ/সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা, নির্মাণ ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব সেতু বিভাগ ও এর অধিন বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের কর্মপরিধিভুক্ত। এ প্রেক্ষিতে আলোচ্য প্রকল্পটি প্রক্রিয়াকরণের বিষয়ে সেতু বিভাগের Allocation of Business অনুযায়ী কার্যক্রম সম্পাদনের ওপর স্থানীয় সরকার বিভাগের মতামত প্রদানের জন্য পকিল্পনা কমিশন হতে অনুরোধ জানানো হয়। তদপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের নিম্নরূপ মতামত প্রদান করা হলোঃ

(ক) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ আইন, ২০১৬ এর ধারা-২(১) অনুযায়ী **"এলিভেটেড এক্সপ্রেসওয়ে" অর্থ ভূ-পৃষ্ঠ হইতে উপরে নির্মিত ১৫০০ মিটার ও তদুর্ধ্ব দৈর্ঘ্যের স্বতন্ত্র এলিভেটেড এক্সপ্রেসওয়ে (সংযুক্তি-১)**। প্রস্তাবিত উড়াল সড়ক একক কোন উড়াল সড়ক নয়। বরং ইহা এলজিইডি'র আইডিভুক্ত রাস্তার বিভিন্ন চেইনেজে যেখানে সাধারণ মাটির বাঁধের সড়ক নির্মাণ করা সম্ভব নয় ও পরিবেশ বান্ধব নয় সে সকল চেইনেজে নির্মাণের প্রস্তাব করা হয়েছে। প্রস্তাবিত উড়াল সড়কে পার্শ্ববর্তী গ্রামের সংযোগ বিধানের জন্য উভয় পাশে সংযোগ সড়ক বিদ্যমান বিধায় ইহাকে "এলিভেটেড এক্সপ্রেসওয়ে" বিবেচনা করা যায় না।

(খ) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ আইন, ২০১৬ এর ধারা-২(১০) অনুযায়ী **"ফ্লাইওভার" অর্থ সেতু, টানেল ও এলিভেটেড এক্সপ্রেসওয়ে সংশ্লিষ্ট দুই বা ততোধিক সড়কের সংযোগস্থলে একটি আরেকটির উপর দিয়া অতিক্রম করিবার জন্য নির্মিত সেতু (সংযুক্তি-১)।** প্রস্তাবিত উড়াল সড়ক গ্রামীণ সড়কের অবকাঠামোগত ভিন্নরূপ, যা বিশেষ বৈশিষ্ট্যপূর্ণ জলাভূমি রক্ষায় উঁচু করে নির্মাণ করা হবে। ইহা কোন সেতু, টানেল ও এলিভেটেড এক্সপ্রেসওয়ের উপর দিয়ে অতিক্রম করার জন্য নির্মাণ করা হয়নি বিধায় ইহাকে "ফ্লাইওভার" বিবেচনা করা যায় না।

(গ) গত ২৭/১০/২০২০ইং তারিখে অনুষ্ঠিত ECNEC সভায় "৬.২ (গ) দেশের অর্থনীতির উন্নয়নে কৃষি, মৎস্য ও অন্যান্য ক্ষেত্রে প্রবৃদ্ধি অব্যাহত রাখার বিষয় বিবেচনা করে প্রয়োজনে হাওর অঞ্চলে এলিভেটেড রাস্তা নির্মাণ করতে হবে" মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে (সংযুক্তি-২)।

২। এমতাবস্থায়, উপরোক্ত মতামত বিবেচনাপূর্বক মোট ৩৪৯০.০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয় এবং নভেম্বর ২০২০ হতে জুন ২০২৫ পর্যন্ত মেয়াদে এলজিইডি কর্তৃক বাস্তবায়নের নিমিত্ত "হাওর এলাকায় উড়াল সড়ক ও ভৌত অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রস্তাবিত প্রকল্পটি অনুমোদনের প্রক্রিয়াকরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৫/০১/২১
(মুহাম্মদ আমিন শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৭৫৮০১২
planning1.lgd@gmail.com

সদস্য
কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ
পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি:

১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মহাপরিচালক/যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।